তারিখ ... 09 OCT 2016 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৪ ...

সংবাদ

শিক্ষামন্ত্রীর কর্মসূচি ঘোষণা

# নারী শিক্ষার্থীদের প্রতি সহিংসতা রোধে শিক্ষা প্রতিষ্ঠানে মানববন্ধন

নিজস্ব বার্তা পরিবেশক

নারী শিক্ষার্থীদের প্রতি সহিংসতা রোধে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ১৮ অক্টোবর মানববন্ধন ও ২০ অক্টোবর সভা অনুষ্ঠিত হবে। গতকাল কৃষিবিদ ইনস্টিটিউশনে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এসব কর্মসূচির কথা জানান।

সংবাদ সম্মেলনে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত সচিব এএস মাহমুদ এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক এসএম ওয়াহিদুজ্জামানসহ অন্যরা উপস্থিত ছিলেন।

নুরুল ইসলাম নাহিদ বলেন, ১৮ অক্টোবর ১৫ মিনিটের প্রতীকী মানববন্ধন হবে। সেখানে সাম্প্রতিক সময়ে বিভিন্ন হামলায় নিহত ছাত্রীদের প্রতি শ্রদ্ধা জানানো হবে। আহত ছাত্রীদের সুস্থতা কামনা করা হবে। মানুষরূপী এসব হত্যাকারীর বিচার চাওয়া হবে। ২০ অক্টোবরের সভায় শিক্ষক, পরিচালনা কমিটির প্রতিনিধি, গণ্যমান্য ব্যক্তি, মসজিদের ইমাম ও জন প্রতিনিধিদের নিয়ে সহিংসতারোধে কমিটি করা হবে। যারা এ ধরনের ঘটনায় সম্পৃক্ত হতে পারে বলে এই কমিটি মনে করবে তাদের শোধরানোর চেষ্টা করবে। না পারলে আইনে সোপর্দ করবে। এই দুই কর্মসূচির মাধ্যমে সামাজিক আন্দোলন গড়ে তোলার সূচনা হবে।

শিক্ষামন্ত্রী আরও বলেন, খাদিজা বেগমের ওপর হামলা, কুমিল্লার তনু হত্যা, রিসা হত্যাকাণ্ডে আমরা উদ্বিগ্ন, মর্মাহত। এটা সভ্য সমাজে কাম্য হতে পারে না। যারা এ ধরনের ঘটনা ঘটাচ্ছে, তারা সমাজের শত্রু। তারা মানুষ নামধারী পশু।

গত বৃহস্পতিবার সংসদে প্রধানমন্ত্রীর বক্তব্যের সুর ধরে তিনি বলেন, প্রধানমন্ত্রীর এ বাণীর পরে আমি আশা করব, ওই দুষ্কৃতকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে কোথাও কেউ কোন শঙ্কা এবং দ্বিধা করবেন না। ছাত্রলীগ নেতার হামলায় গুরুতর আহত কলেজছাত্রী কর্মসূচি : পৃষ্ঠা : ২ ক : ৪

## কর্মসূচি : ঘোষণা

(১৬ পৃষ্ঠার পর)

খাদিজার দ্রুত আরোগ্য কামনা করে হামলাকারীর কঠোর শাস্তির দাবিও করেন শিক্ষামন্ত্রী।

শিক্ষকতায় মেধাবীদের আকৃষ্ট করার উদ্যোগ নেয়া হয়েছে :

এদিকে শিক্ষামন্ত্রী অন্য এক অনুষ্ঠানে বলেছেন, বিশ্বায়নের উপযোগী করে নতুন প্রজন্মকে গড়ে তুলতে হলে চাই বিশ্বমানের শিক্ষক। ক্লাসরুম শিক্ষাদান পদ্ধতিতে নানা আধুনিক প্রযুক্তির ব্যবহার শিক্ষকতা পেশায় নতুন মাত্রা যোগ করেছে। এসব প্রযুক্তি সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে ক্লাসরুমকে আকর্ষণীয় করে তুলতে মেধাবীদের শিক্ষকতায় আকৃষ্ট করার উদ্যোগ নিয়েছে সরকার।

কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে নবনিযুক্ত প্রভাষকদের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। ৩৪তম বিসিএসের মাধ্যমে গত ১ জুন ২০১৬ শিক্ষা ক্যাডারে যোগদান করা ৭৫৮ জন প্রভাষককে চাকরি সম্পর্কিত বিষয়াদি অবহিত করতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

শিক্ষামন্ত্রী বলেন, সারাদেশে বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগের জন্য এনটিআরসিএর মাধ্যমে কেন্দ্রীয়ভাবে মেধার ভিত্তিতে নির্বাচিত প্রায় ১৫ হাজার শিক্ষকের নামের তালিকা প্রকাশ করা হবে। সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপক পদে পদোন্নতি দেয়ার প্রক্রিয়া এগিয়ে চলেছে। সরকার শিক্ষকদের মানসম্মান, মর্যাদা ও স্বার্থ রক্ষায় সবসময় তৎপর।